

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্য়াবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ১৪/২০১৭

তারিখঃ ১২/০২/২০১৭খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস স্মারক নং-এস২-০৭/বিবিধ/এপি/সেকশন-১/১৩-১৪/২৭৪৮ কাস, তারিখ : ০৭/০২/২০১৭ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মুছা)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

বিষয়ঃ আমদানিকৃত খাদ্য দ্রব্য শুল্কায়নের ক্ষেত্রে আমদানি নীতি আদেশের শর্ত যথাযথভাবে পরিপালন।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য জাতীয় পণ্য শুল্কায়নের ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ অনুযায়ী কতিপয় শর্ত পরিপালনের বাধ্যবাধকতা রয়েছে।

শর্ত সমূহ :

- ১৬(২৩) আমদানিকৃত সকল খাদ্যদ্রব্য (সরাসরি খাওয়া/পান করা যায় বা প্রক্রিয়াকরণের পরে খাদ্য বা পানীয় হিসাবে ব্যবহৃত হয়) আমদানির ক্ষেত্রে উৎস নির্বিশেষে এইরূপ খাদ্যদ্রব্য ক্ষেত্র অনুসারে কোন বয়সের মানুষের খাওয়ার উপযোগী তাহা উল্লেখসহ “মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর নয়”, “ক্ষতিকর কোন দ্রব্য মিশ্রিত নাই” এবং “সর্বপ্রকার জীবানুমুক্ত” মর্মে রপ্তানিকারক দেশের সরকার বা সরকার অনুমোদিত উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র শিপিং ডকুমেন্টের সহিত অবশ্যই সংযোজন করিতে হইবে।
- ১৬(২৪) বাংলাদেশে খাদ্যদ্রব্য আমদানির ক্ষেত্রে আমদানিকারক উক্ত খাদ্যদ্রব্যের মধ্যে অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (২৮) এ প্রদত্ত অন্তর্ভুক্ত খাদ্যদ্রব্যেও প্রয়োজনীয় সকল তথ্য বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) এর নির্ধারিত ফরমে বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) এর নিকট এবং অন্যান্য খাদ্যদ্রব্যের প্রয়োজনীয় তথ্যাদি বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এ সরবরাহ করিবেন।
- ১৬(২৫) খাদ্যদ্রব্য বাংলাদেশে পৌঁছিলে শুল্ক কর্তৃপক্ষ উক্ত খাদ্যদ্রব্য ছাড় করিবার পূর্বে খাদ্যদ্রব্যের নমুনা বিএসটিআই বা বিসিএসআইআর এর নিকট সরবরাহ করিবেন এবং বিএসটিআই বা বিসিএসআইআর এর পরীক্ষায় খাদ্যদ্রব্য মান সম্পন্ন না হইলে শুল্ক কর্তৃপক্ষ আমদানিকারকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন।
- ২। কিন্তু অনেক ক্ষেত্রে অভিযোগ আছে যে, আমদানি নীতি আদেশ এর উল্লিখিত শর্তসমূহ যথাযথভাবে পরিপালন না করে পণ্য চালান শুল্কায়ন করা হচ্ছে। আমদানি নীতি আদেশের শর্ত মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের ছাড়পত্র ব্যতিরেকে পণ্য খালাস হলে, তা মানব দেহের জন্য মারাত্মক ক্ষতি করতে পারে। Food Item আমদানি হলে আমদানি নীতি আদেশের উল্লিখিত শর্ত যথাযথভাবে পরিপালন করার বিষয়টি নিশ্চিত করে পণ্য শুল্কায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।
- ৩। আমদানি নীতি আদেশের শর্ত পরিপালন ব্যতিরেকে কোন পণ্য চালান শুল্কায়ন করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ রেজাউল হক)
জয়েন্ট কমিশনার অব কাস্টমস্
কাস্টম হাউস, চট্টগ্রাম।
তারিখ : ৭/০২/২০১৭

নথি নং- এস২-০৭/বিবিধ/এপি/সেকশন-১/১৩-১৪/২৭৪৮ কাস